

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬
৩০ মে ২০১৯

অফিস আদেশ

খায়রুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গফরগাঁও ময়মনসিংহ এর প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় সহকারী শিক্ষক জনাব রহিমা খাতুন কে ০৩.০৩.২০১৯ খ্রি. হতে বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষকের যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৩.১৬-১১২৫

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬
৩০ মে ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ০৪। প্রধান শিক্ষক, খায়রুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গফরগাঁও ময়মনসিংহ।
- ০৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ০৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ০৭। জনাব রহিমা খাতুন, সহকারী শিক্ষক, খায়রুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গফরগাঁও ময়মনসিংহ।
- ০৮। সংরক্ষণ নথি।

(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক (কলেজ-২)

ও
উপপরিচালক (মাধ্যমিক)

৯৫৬০২৬৫